

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-১১

নং শিম/শাঃ১১/বিবিধ-৫/৯৪/১৬৩৬


তারিখঃ ১৮ জুন, ২০০৯

পরিপত্র

বিষয়ঃ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের তৃতীয় শ্রেণীর কর্মচারীগণের শিক্ষাগত যোগ্যতা

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে পদনাম নির্বিশেষে তৃতীয় শ্রেণীর কর্মচারী পদে নিয়োগের জন্য নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা সংশোধনক্রমে, সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে কোন তৃতীয় শ্রেণীর পদে নিয়োগের জন্য কোন প্রার্থীর সমগ্র শিক্ষা জীবনে একটি তৃতীয় বিভাগ কিংবা শিক্ষা মন্ত্রণালয়ের ২, জুন ২০০৯ তারিখের শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ নং প্রজ্ঞাপনানুসারে সমতুল্য জি.পি.এ গ্রহণযোগ্য হবে। তবে যে সকল কর্মচারী এরূপ তৃতীয় শ্রেণী বা সমতুল্য যোগ্যতা নিয়ে বেতন-ভাতা বাবদ সরকারি অনুদানপ্রাপ্ত (এমপিওভুক্ত)হবেন, তাদেরকে নিয়োগের পরবর্তী ২(দুই)বছরের মধ্যে দ্বিতীয় বিভাগ বা সমতুল্য জিপিএ অর্জন করতে হবে। অন্যথায় এমপিও সুবিধা প্রত্যাহার করা হবে।

০২। জনস্বার্থে ইহা জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।



(সৈয়দ আতাউর রহমান)
সচিব

নং শিম/শাঃ১১/বিবিধ-৫/৯৪/১৬৩৬

তারিখঃ ১৮ জুন, ২০০৯

বিতরণঃ

- ০১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ)।
- ০২। উপ-সচিব(মাধ্যমিক), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। সিনিয়র সহকারী সচিব, শাখা ১২/১৩ শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(মোঃ ইমরুল চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব